

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

পর্যদ সচিবালয় বিভাগ

পরিপত্র নং-পসবি-০১/২০১৫

তারিখঃ ৩০-০৪-২০১৫ খ্রিষ্টাব্দ
১৭-০১-১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ- বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে ইতিপূর্বে পর্যদ সচিবালয় বিভাগ হইতে জারীকৃত পরিপত্র নং- পসবি-০১/২০১৩ তারিখঃ ০৫-০৮-২০১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে। উক্ত পরিপত্রের সাথে সংযুক্ত সংযোজনী-২ এর মাধ্যমে প্রদত্ত ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের আর্থিক ক্ষমতার মধ্যে কতিপয় খাতের ক্ষমতার সীমা বৃদ্ধি/নতুন ভাবে ক্ষমতা প্রদানের প্রস্তাব পর্যদের ০২-০৪-২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬৩৪তম সভায় উপস্থাপন করা হয়। পর্যদ সভায় বিষয়টি পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত খাতসমূহের ক্ষমতার সীমা বৃদ্ধি/নতুনভাবে ক্ষমতা প্রদানের প্রস্তাব অনুমোদিত হয়ঃ


মূল পরিপত্রের ক্রঃ নং	ক্ষমতার বিবরণ	ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা	বর্তমান ক্ষমতার সীমা	০১-০৫-২০১৫ তারিখ থেকে কার্যকর ক্ষমতার সীমা
১	২	৩	৪	৫
২৩।	পরিচালকদের ফি, ভ্রমণ খরচ ও পরিচালনা পর্যদ/নির্বাহী কমিটির/ পর্যদ অডিট কমিটির/পর্যদের সদস্যদের নিয়ে গঠিত কমিটির/এমসিসি সভার আপ্যায়ন খরচ ও চেয়ারম্যান মহোদয়ের ডিজিটরদের আপ্যায়ন খরচ;	পর্যদ সচিব	যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী পরিচালকদের ফি, ভ্রমণ খরচ ও পরিচালনা পর্যদ/নির্বাহী কমিটির/ পর্যদ অডিট কমিটির/ পর্যদের সদস্যদের নিয়ে গঠিত কমিটির/এমসিসি সভার ও চেয়ারম্যান মহোদয়ের ডিজিটরদের প্রকৃত আপ্যায়ন খরচ মঞ্জুর করিতে পারিবেন;	(১) যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী পরিচালকদের ফি, ভ্রমণ খরচ মঞ্জুর করিতে পারিবেন; (২) পরিচালনা পর্যদ/নির্বাহী কমিটির/ পর্যদ অডিট কমিটির/খুঁকি ব্যবস্থাপনা কমিটির/ পর্যদের সদস্যদের নিয়ে গঠিত কমিটির/এমসিসি সভার ও চেয়ারম্যান মহোদয়ের ডিজিটরদের/ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে আহ্বানকৃত সভার প্রকৃত আপ্যায়ন খরচ মঞ্জুর করিতে পারিবেন;
৩৯।	ব্যবসা উন্নয়ন সংক্রান্ত ব্যয়ঃ (ক) আপ্যায়ন খরচ;	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (এজিএম) শাখা ব্যবস্থাপক	মাসিক ১৫০০/- টাকা; মাসিক ১০০০/- টাকা; থানা পর্যায়ের শাখা - মাসিক ৭০০/- টাকা;	মাসিক ২০০০/- টাকা; আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা - মাসিক ১০০০/- টাকা; থানা পর্যায়ের শাখা - মাসিক ৭০০/- টাকা; এজিএম পদমর্যাদার শাখা হলে - মাসিক ১০০০/- টাকা;
		অন্যান্য(ইউনিয়ন/গ্রাম) পর্যায়ের শাখা - মাসিক ৫০০/- টাকা;	অন্যান্য(ইউনিয়ন/গ্রাম) পর্যায়ের শাখা - মাসিক ৫০০/- টাকা; এজিএম পদমর্যাদার শাখা হলে - মাসিক ১০০০/- টাকা;	
৪০।	ক্রয়/টেন্ডার কমিটির/অন্যান্য কমিটির সভার / সম্মেলনের/ প্রশিক্ষণ সংক্রান্ত আপ্যায়ন ব্যয়;	মাঠ পর্যায়ে ক্রয়/টেন্ডার কমিটির সভা ব্যতীত অন্যান্য কমিটির সভা আহ্বানকারী;	---	হালকা নাস্তা আপ্যায়ন বাবদ জন প্রতি সর্বোচ্চ ৫০/- টাকা ব্যয় করিতে পারিবেন;
৪৮।	কম্পিউটার ক্রয়/ বিল প্রদানঃ (খ) কম্পিউটার এক্সেসরিজ ও কনজিউম্যাবল্‌স ক্রয় (রাজস্ব ব্যয়);	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা	-----	এক দফায় ২০০০/- টাকা পর্যন্ত ;

চলমান পাতা---/০২

০২। উল্লেখ্য, পর্যদ সচিবালয় বিভাগের ২৬-০৮-২০১৩ তারিখের পত্র নং-বিকেবি/প্রকা/পসবি-১০৩/২০১৩-১৪/১০৮ এর মাধ্যমে উপমহাব্যবস্থাপকদের মাসিক আপ্যায়ন খরচ প্রসঙ্গে প্রদত্ত নির্দেশনা বাতিল করা হইল। ফলে পর্যদ সচিবালয় বিভাগ হইতে জারীকৃত ০৫-০৮-২০১৩ তারিখের পরিপত্র নং-পসবি-০১/২০১৩ এর মাধ্যমে উপমহাব্যবস্থাপকদের মাসিক আপ্যায়ন খরচ প্রসঙ্গে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করা যাইবে।

০৩। এই ক্ষমতা অর্পণ আদেশ ০১-০৫-২০১৫ তারিখ হইতে কার্যকর হইবে।

অনুমোদনক্রমে-



(মোঃ মালেক নেওয়াজ)
সচিব

নং-পসবিঃ -১০৩/২০১৪-২০১৫/ ৪২০

তারিখঃ -ঐ-

বিতরণঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১,২ ও ৩ মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা,ঢাকা।
- ৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক),বিকেবি, স্টাফ কলেজ,মিরপুর,ঢাকা।
- ৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব,বিকেবি,প্রকা,ঢাকা।(পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি অপারেশন বিভাগকে অনুরোধ করা হলো।)
- ৬। অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক),বিকেবি, রিজিওনাল স্টাফ কলেজ,চট্টগ্রাম/খুলনা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।


(এ,কে,এম,আমিরুল মমেন)
যুগ্ম সচিব